গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
তথ্য ব্যবস্থাপনা-১ শাখা

নং-৫২.০০.০০০০.০১৮.২৫.০৩৩.১৬-১৫ তারিখ: ০৯/০৭/২০১৮

বিষয়: Bangladesh Geographical Information System Platform (BGISP)-এর ২৮/০৬/২০১৮ তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব, মিজ মাহমুদা আকতার-এর সভাপতিত্বে অনুষ্ঠিত ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত সম্বলিত কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৮/০৬/২০১৮ তারিখ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব, মাহমুদা আকতার-এর সভাপতিত্বে এ বিভাগের সভাকক্ষে Bangladesh Geographical Information System Platform (BGISP)- এর ৬ষ্ঠ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত সম্বলিত কার্যবিবরণী এতদসংগে প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(মো: আনোয়ার হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫০০৭৩৮৪

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

(০১) অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
(০২) প্রকল্প পরিচালক, A21, প্রধান মন্ত্রীর কার্যালয়, ঢাকা (দৃ:আ: ড.মো. জিয়াউদ্দিন,পরামর্শক (উপসচিব)।
(০৩) মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (দৃ.আ. জনাব মোহাম্মদ লুৎফর রহমান,সহকারী সেটেলমেন্ট অফিসার)।
(০৪) চেয়ারম্যান,WARPO, ৭২, গ্রীন রোড, ঢাকা (দৃঃ আঃ জনাব এ.কে.এম খোসরুল আমির, SSO)
(০৫) প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ.আ. জনাব মো. জাকির হোসেন,সি. সহকারী প্রকৌশলী)।
(০৬) উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁ, ঢাকা।
(০৭) প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল,ঢাকা (দৃ:আ: জনাব মো. শফিকুর রহমান, প্রোগ্রামার)।
(০৮) সার্ভেয়ার জেনারেল, বাংলাদেশ জরিপ অধিদপ্তর, তেজগাঁ, ঢাকা (দৃ.আ. জনাব মো. মোশারফ হোসেন, সহকারী পরিচালক)।
(০৯) বিভাগ প্রধান, জিইডি, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ.আ. জনাব মোঃ মাহবুবুর রব, উপ প্রধান)।
(১০) চেয়ারম্যান, SPARRSO, আগারগাঁও, ঢাকা (দৃ. আ. ড. মো. মাহমুদুর রহমান, পিএসও)।
(১১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (দৃ.আ. জনাব মো. নাঈম হাসান, সহকারী প্রোগ্রামার)।
(১২) প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (দৃ. আঃ ড. মরিয়ম আক্তার, সহকারী বন সংরক্ষক)।
(১৩) চেয়ারম্যান, রাজউক, ঢাকা (দৃ: আ: জনাব আশিকুর রহমান, সহকারী টাউন প্ল্যানার)।
(১৪) মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা (দৃ: আ: জনাব মো. আলী আকবর, পরিচালক)।
(১৫) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,ফার্মগেট, ঢাকা (দৃঃ আঃ জনাব মোঃ মছির উদ্দিন, উপপরিচালক)।
(১৬) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (দৃ.আ. জনাব রিয়াজুর রহমান রাজন, নির্বাহী প্রকৌশলী)।
(১৭) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষনা কাউন্সিল (BARC),ফার্মগেট,ঢাকা(দৃ.আ. হাসান মো.হামিদুর রহমান,পরিচালক)।
(১৮) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা (দৃ.আ. জনাব কে এম খালিদ আহসান, সি. সিষ্টেম এনালিষ্ট)।
(১৯) চেয়ারম্যান, BIWTA, মতিঝিল, ঢাকা (দৃ: আ: জনাব মো. ইকবাল আলম, সিষ্টেম এনালিষ্ট)।
(২০) পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা (দৃ.আ. বেগম দিলরুবা করিম, এসএসও)।
(২১) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান, ঢাকা (দৃঃ আঃ জনাব দিল বাহার আহমেদ, আরবান প্ল্যানার)।
(২২) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশন, ফুলবাড়ীয়া, ঢাকা (দৃ.আ. বেগম কাজী হাসিবা হাসান,জিওগ্রাফার, নগর পরিকল্পনা বিভাগ)।
(২৩) মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
(২৪) নির্বাহী পরিচালক, CEGIS, বাড়ী নং ৬, সড়ক নং ২৩/সি, গুলশান-১, ঢাকা।
(২৫) চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
(২৬) চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিভাগ, জাহাংগীর নগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা (দৃ.আ. অধ্যাপক ড. শাহেদুর রশিদ )।
(২৭) চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, জনসন রোড, ঢাকা (দৃঃ আঃ ড. মো. মনিরুজ্জামান, অধ্যাপক)।
(২৮) চেয়ারম্যান, নগর ও আঞ্চলিক ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।
(২৯) চেয়ারম্যান, নগর ও আঞ্চলিক পরিকল্পনা বিভাগ, BUET, পলাশী, ঢাকা।
(৩০) চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
(৩১) Country Director, World Bank Dhaka Office, আগারগাঁও, ঢাকা।
(৩২) Country Director, ADB Dhaka Office, আগারগাঁ, ঢাকা।
(৩৩) Country Director, UNDP Dhaka Office, ঢাকা।
(৩৪) Representative of Bangladesh, FAO Dhaka Office, বাড়ী নং-৩৭, সড়ক নং-০৮, ধানমন্ডী আ/এ, ঢাকা (দৃঃ আঃ জনাব রাশেদ জালাল, জিআইএস, বিশেষজ্ঞ)।
(৩৫) Representative, UNFPA, আগারগাঁও, ঢাকা (দৃ. আ. জনাব মাহবুব-ই-আলম, সি. প্রোগ্রাম অফিসার)।
(৩৬) উপসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
(৩৭) প্রকল্প পরিচালক,স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভেলপমেন্ট (State-4-Dev) প্রকল্প, বিবিএস, ঢাকা।
(৩৮) পরিচালক, সেন্সাস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
(৩৯) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা ও সদস্য সচিব, BGISP।
(৪০) সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
(৪১) সিনিয়র সহকারী সচিব,তথ্য ব্যবস্থাপনা-২ শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
(৪২) প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁ, ঢাকা (কার্যবিবরণীটি 'সিড'-এর ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল।
(৪৩) অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ
www.sid.gov.bd

‘Bangladesh Geographical Information Platform (BGISP)’ কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | : | ২৮ জুন, ২০১৮ খ্রি. বৃহস্পতিবার, সকাল ১১.০০ মি.। |
| সভার স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যাবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ পরিসংখ্যান ভবন (লেভেল ১০, ব্লক ‘বি’) আগারগাঁও, ঢাকা। |
| সভাপতি | : | মাহমুদা আকতার<br>অতিরিক্ত সচিব<br>পরিসংখ্যান ও তথ্য ব্যাবস্থাপনা বিভাগ। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযোজনী ‘ক’ তে দেওয়া হলো ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি BGISP-র ৫ম সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ও সভার এজেন্ডা উপস্থাপনের জন্য বিবিএস এর কম্পিউটার উইংয়ের পরিচালক ও BGISP-র সদস্য সচিব জনাব ঘোষ সুব্রত কে আহবান জানান।

২। পরিচালক কম্পিউটার উইং, বিবিএস জনাব ঘোষ সুব্রত সভার এজেন্ডা এবং গত সভার সিদ্ধান্ত ও তার বাস্তবায়ন অগ্রগতি Power Point এর মাধ্যমে সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে জানান, GIS Data সম্পর্কে তথ্য সংগ্রহের জন্য একটি GIS Data format তৈরি করে সকল সদস্য সংস্থার নিকট প্রেরণ করে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিজ নিজ সংস্থার GIS Data-র তথ্য প্রেরণের সময় দেওয়া হয়েছিল। উক্ত সময়ের মধ্যে মাত্র ৮ (আট)টি সদস্য সংস্থার নিকট থেকে তথ্য পাওয়ার পরিপ্রেক্ষিতে পুনরায় তথ্য প্রেরনের অনুরোধ জানিয়ে একটি তাগিদ পত্র প্রেরন করা হয় এবং দুই দফায় ফোনে সকল সংস্থার নিকট যোগাযোগ করা হয়। সভাপতি সভায় উপস্থিত বিভিন্ন সংস্থার প্রতিনিধিগণকে GIS data format টি পেয়েছেন কিনা তা জানতে চান এবং যারা পাননি তাদেরকে Format এর Hard copy সরবরাহ করতে সদস্য সচিবকে বলেন।

৩। পরিচালক, কম্পিউটার উইং এরপর BGISP-র Guide line সংক্রান্ত উপকমিটির কাজের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে জানান, এ কমিটি বেশ কয়েকটি সভা আয়োজনের মাধ্যমে দীর্ঘ আলাপ আলোচনার পর BGISP Guide line এর একটি খসড়া তৈরি করেছে যা ইতোমধ্যে সকল সম্মানিত সদস্যের ই-মেইলে প্রেরণ করা হয়েছে। সদস্যগণ তাঁদের পর্যবেক্ষণ ও মতামত প্রদান করলে Guide line টি চূড়ান্ত করা যেতে পারে। এ পর্যায়ে সভাপতি আগামী ৭ জুলাই, ২০১৮ খ্রি. এর মধ্যে সকল সংস্থাকে খসড়া BGISP Guide line এর উপর মতামত প্রেরনের অনুরোধ জানান। যদি কোন সংস্থা Guide Line এর কপি না পেয়ে থাকে তবে সে সংস্থার নিকট তা পাঠানোর ব্যবস্থা নিতে বলেন। জনাব মো. শফিউল্যাহ, সহযোগী অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় আলোচনায় অংশ নিয়ে জানান, তথ্য সংগ্রহের জন্য সদস্য সংস্থার নিকট থেকে Google form এর মাধ্যমে তথ্য নিলে ভাল হয়। এছাড়া GIS Data 2D হয় বিধায় 3D এর পরিবর্তে GIS Data format টি তে 2D রাখা যেতে পারে। জনাব মু. ওয়াহিদ মুরাদ, প্রোগ্রামার, SID বলেন, Google form এর মাধ্যমে বিভিন্ন

সংস্থার কাছ থেকে Data format টির মাধ্যমে অনুরুপ ইনপুট নেওয়া যেতে পারে, অনলাইনের মাধ্যমে হওয়ায় দ্রুত ফিডব্যাকও পাওয়া যাবে, এতে জটিলতা সৃষ্টি হওয়ার আশঙ্কা নেই। জনাব ইকবাল আলম, সিস্টেম এনালিস্ট, BIWTA বলেন, প্রেরিত Data format টি Google form এ দিলে তথ্য পাঠানো সম্ভব হবে না কেননা এতে অফিস প্রধানের অনুমোদনের বিষয় আছে। জনাব নাঈম হাসান, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (DoICT) বলেন, Data দেয়া কঠিন, এর প্রস্তুতির জন্য সময়ের প্রয়োজন; তাছাড়া এর জন্য Technical support দরকার। জনাব মো. জাকির হোসেন, সিনিয়র সহকারী প্রকৌশলী, LGED বলেন, সকলকে সহযোগিতা করার জন্য DoICT-র শক্তিশালী ভূমিকা থাকা উচিত এবং সকল সংস্থাকে Technical support তাদেরই দেয়া উচিত। প্রেরিত Data format সম্পর্কে তিনি বলেন, এই format এর মাধ্যমে কোন সংস্থার নিকট যে existing Data আছে তাই চাওয়া হয়েছে, এতে সময় লাগার কারণ নেই। জনাব মো. লুৎফর রহমান, সহকারী সেটেলমেন্ট অফিসার, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর (DLRS) বলেন, ফরমেটের মাধ্যমে Data পাঠাতে আপত্তি নেই তবে কয়েকটি ক্ষেত্রে অস্পষ্টতা থাকার কারণে Data পাঠাতে বিলম্ব হচ্ছে। তিনি আরও বলেন, প্রেরিত ডাটা ফরমেটটি কিছুটা Modify করা যায় কি না এবং Survey কোন বছর হয়েছে তার উল্লেখ না করে তিনি সময়সীমা ( Duration of Survey ) দেয়ার প্রস্তাব করেন। জনাব বিকাশ কিশোর দাস, অতিরিক্ত সচিব, SID বলেন, এক্ষেত্রে Data-র Duration of Survey দেওয়া যৌক্তিক। ড. মরিয়ম আক্তার, সহকারী বন সংরক্ষক, বন অধিদপ্তর (DoF) বলেন, RS Data যে বছর নেয়া হয়েছে আমরা সে বছর উল্লেখ করি, তিনি জানতে চান, এখানে Survey বছর কোনটা দিতে হবে । RS নেয়ার বছর উল্লেখ করা উচিত বলে তিনি মন্তব্য করেন। জনাব কে.এম. খালিদ আহসান, সিনিয়র সিস্টেম এনালিস্ট, ঢাকা ওয়াসা বলেন, GIS Data-র 2D এবং 3D Data উভয়েই রাখতে হবে এবং Scale/Regulation এভাবে লেখা যেতে পারে। সভায় উপস্থাপিত GIS Data format এর Soft copy নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং Google Form, Hard Copy ও Soft Copy তিন ভাবে দেয়ার সিদ্ধান্ত হয়।

৪। পরিচালক জনাব ঘোষ সুব্রত BGISP-র Website ও Logo চূড়ান্তকরণ সংক্রান্ত উপকমিটির সদস্য সচিব জনাব সি.এস রায়কে কমিটির কাজের অগ্রগতি সভায় উপস্থাপনের অনুরোধ জানান। জনাব সি.এস. রায় Website ও Logo চূড়ান্তকরণের বিষয় সভায় উপস্থাপন করেন। তিনি জানান, gis.gov.bd নামে একটি Domain এর Registration সম্পন্ন হয়েছে। তিনি বলেন, এখন একটি Web portal করা হবে এবং এতে Data Dissemination-এর ব্যবস্থা রাখা হবে। এছাড়া BGISP-র দু'টি খসড়া Logo তৈরি করা হয়েছে, এর মধ্য থেকে যে কোন একটি চূড়ান্ত করা যেতে পারে। সফটওয়্যার প্রস্তুতকারী ফার্মের কর্মকর্তা জনাব মোঃ আবদুল্লাহ Power Point এর মাধ্যমে Website এর উপর একটি খসড়া উপস্থাপন করেন। সভায় উপস্থাপিত BGISP-র দু'টি লোগো সম্পর্কে আলোচনার পর দ্বিতীয় লোগোটি যেখানে Bangladesh GIS Platform লেখা হয়েছে সেটি একটু সংশোধন করে চূড়ান্ত করার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত হয়। Website ও Logo আলোচনায় অংশ নিয়ে কমিটির সদস্য ও সেন্সাস উইংয়ের পরিচালক জনাব মো. জাহিদুল হক সরদার জানান, BGISP-র আজকের সভায় আলোচনার জন্য বেসরকারী প্রতিষ্ঠানের CEO জনাব আদুল্লাহকে মৌখিকভাবে অনুরোধের পরিপ্রেক্ষিতে তিনি একটি খসড়া প্রস্তুতপূর্বক সভায় উপস্থাপন করেছেন। প্রয়োজনীয় মতামত ও নির্দেশনা পেলে তিনি সেগুলো অর্ন্তভূক্ত করে পরবর্তীতে একটি পুর্নাংগ website প্রস্তুত করবেন । ড. মনিরুজ্জামান, অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় বলেন, Bangladesh GIS Platform কথাটি রাউন্ড করে পূর্ণাঙ্গভাবে লেখা যেতে পারে। জনাব মোঃ জাকির হোসেন, সিনিয়র

সহকারী প্রকৌশলী, এল.জি.ই.ডি বলেন, এই ওয়েবসাইটের মাধ্যমে BGISP-র ব্যাপক কর্মযজ্ঞের Output প্রকাশ পাবে কাজেই সকল Department-র চাহিদা এখানে উল্লেখ করতে হবে। জনাব কে.এম খালিদ আহসান বলেন, এই Website কে একটি অপারেশনাল ওয়েবসাইট করতে হবে। জনাব মো. শফিউল্যাহ বলেন, Websiteটি কে Interactive করতে হবে এবং এখানে অন্যান্য সংস্থার ডাটা রাখার ব্যবস্থা করতে হবে। এ পর্যায়ে আলোচনা শেষে সভাপতি সেন্সাস উইংয়ের পরিচালককে আহবায়ক করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের সহযোগী অধ্যাপক জনাব মো. শফিউল্যাহ, বাংলাদেশ অভ্যন্তরীন নৌ পরিবহন কর্তৃপক্ষের (BIWTA) সিষ্টেম এনালিষ্ট জনাব ইকবাল আলম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের (DoICT) সহকারী প্রোগ্রামার জনাব নাঈম হাসান এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (LGED) সিনিয়র সহকারী প্রকৌশলী জনাব মো. জাকির হোসেন কে BGISP Website উপকমিটির সদস্য হিসাবে অর্ন্তভুক্ত করে Website সংক্রান্ত উপকমিটি পুর্নঃগঠন করতে বলেন।

৫। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

(ক) যে সকল সদস্য সংস্থা Data প্রেরন করেননি তাদের নিকট Format টি পুনরায় প্রেরন পূর্বক ২০ জুলাই, ২০১৮ খ্রি. এর মধ্যে তথ্য প্রেরনের অনুরোধ জানাতে হবে।

(খ) তথ্য সংগ্রহের জন্য প্রস্তুতকৃত GIS Data Format-কে সংশোধন করে Survey করার বছর এবং Duration of Survey উভয়েরই উল্লেখ করতে হবে এবং Scale / Regulation দুটোই লিখতে হবে।

(গ) সকল সদস্য সংস্থা কর্তৃক ৭ জুলাই, ২০১৮ খ্রি. মধ্যে প্রস্তুতকৃত খসড়া BGISP Guide Line এর উপর মতামত প্রেরণ করতে হবে।

(ঘ) BGISP-এর লোগোতে 'angladesh GIS Platform' কথাটি পূর্ণাঙ্গভাবে এবং রাউন্ড করে লিখতে হবে। প্রয়োজনে একজন Graphic designer এর সাহায্য নেওয়া যেতে পারে।

(ঙ) সেন্সাস উইংয়ের পরিচালককে আহবায়ক করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের সহযোগী অধ্যাপক জনাব মো. শফিউল্যাহ, বাংলাদেশ অভ্যন্তরীর নৌ পরিবহন কর্তৃপক্ষের (BIWTA) সিষ্টেম এনালিষ্ট জনাব ইকবাল আলম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের (DoICT) সহকারী প্রোগ্রামার জনাব নাঈম হাসান এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (LGED) সিনিয়র সহকারী প্রকৌশলী জনাব মো. জাকির হোসেন কে সদস্য করে এবং জনাব সি.এস রায়কে সদস্য সচিব হিসেবে রেখে BGISP Website সংক্রান্ত গঠিত উপকমিটি পুর্ন:গঠন করতে হবে। উপকমিটি Website Interactive করার জন্য প্রয়োজনীয় সুপারিশ সহ দ্রুত রিপোর্ট পেশ করবে।

(চ) BGISP-এর যে সকল সদস্য তাদের নিজ সংস্থার 'ফোকাল পয়েন্ট' কর্মকর্তা নির্বাচন করে পাঠাননি তাদেরকে পুনরায় কর্মকর্তা নির্বাচন করে প্রেরনের জন্য তাগিদপত্র প্রেরণ করতে হবে।

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
০৪/০৭/২০১৮
( মাহমুদা আকতার )
অতিরিক্ত সচিব
ও
সভাপতি, BGISP